শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বন সংরক্ষকের কার্যালয়
বন অধিদপ্তর
বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bforest.gov.bd

নম্বর - ২২.০১.০০০০.০০৭.০৫.৩৯৪.২৪.৬০৭ তারিখ: ২৯ এপ্রিল, ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তরের নিম্নে বর্ণিত রাজস্ব খাতভুক্ত ফরেস্টারের শূণ্য পদে সম্পুর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত চাকরির আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নম্বর | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল | যোগ্যতা | নিম্নলিখিত জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১ | ফরেস্টার | ৭৮ (আটাত্তর) টি | ৯,৭০০-২৩,৪৯০/- (গ্রেড-১৫) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি<br>(খ) উচ্চতা ১৬৩ সে.মি; ও বুকের মাপ ৭৬ সে.মি.। | ফরিদপুর, গোপালগঞ্জ, শরীয়তপুর, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, খুলনা, নড়াইল, বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর ও পটুয়াখালী জেলা।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

## নিয়োগ সংক্রান্ত শর্তাবলী

১. বিজ্ঞপ্তি জারির তারিখে সকল আবেদনকারীর সর্বনিম্ন বয়স ১৮ বৎসর এবং সর্বোচ্চ বয়স ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের বয়স সর্বোচ্চ ৩২ বৎসর এবং মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের সর্বোচ্চ বয়স ৩০ বৎসর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. কোন সরকারি বা আধাসরকারি সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩. বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল ২ অনুযায়ী লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় উচ্চতা ও বুকের মাপ গ্রহণ করা হবে। পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচি যথাসময়ে প্রার্থীদেরকে তাদের পত্র যোগাযোগের ঠিকানায়/বন অধিদপ্তরের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

৪. সরকারি নির্দেশনা মোতাবেক আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধী, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বর্তমান প্রচলিত কোটা ও জেলা কোটা ক্ষেত্রমতে যথাযথভাবে অনুসরণ করা হবে।

৫. আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নেবর্ণিত কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি ১(এক) সেট জমা প্রদান করতে হবে:

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, (খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, (গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (ঙ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধা সনদপত্র (সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদসহ) এবং (চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

৬. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশতঃ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

চলমান পাতা-২

৭. কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

৮. প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা দেয়া হবে না।

৯. প্রার্থীত পদের নাম ও নিজ জেলা খামের উপর অবশ্যই স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১০. নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

## দরখাস্ত দাখিলের নিয়মাবলি

১। চাকরির আবেদন ফরম বন অধিদপ্তরের ওয়েব সাইট (www.bforest.gov.bd) হতে ডাউনলোড করে ব্যবহার করা যাবে। চাকরির আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এর ঠিকানায় ৩০/০৫/২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত ডাকযোগে পৌঁছাতে হবে অথবা বন ভবন, আগারগাঁও, ঢাকার দ্বিতীয় তলায় (Level-1)-এ রক্ষিত বাক্সে সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না।

২। চাকরির আবেদন ফরমের ক্রমিক নং ১ হতে ২২ পর্যন্ত সকল তথ্য উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।

৩। চাকরির আবেদন ফরমের সাথে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর (ক) সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার অনুলিপি, (খ)জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের অনুলিপি, (গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, (ঘ) কোটা সংক্রান্ত (যদি থাকে) সকল সনদপত্রের অনুলিপি এবং (ঙ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি দাখিল করতে হবে।

৪। নির্ধারিত আবেদন ফরমে স্বাক্ষরের স্থানে প্রার্থীকে স্বহস্তে স্পষ্ট করে মোটা কালিতে বলপেনে স্বাক্ষর করতে হবে।

৫। প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ সহকারী প্রধান বন সংরক্ষক, অর্থ, বাজেট ও সাধারণ নির্দেশনা ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা এর অনুকুলে ২০০ (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা কোড নং-৬/৪৫৩১/০০০০/৮৮৩১ খাতে ট্রেজারি/সাবট্রেজারি, বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমাকৃত ২০০ (দুইশত) টাকার ট্রেজারি চালান (অফেরৎযোগ্য) (মূল কপি) আবেদন ফরমের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

৬। প্রার্থীকে তার পত্র যোগাযোগের ঠিকানা লিখিত ১৫/-(পনেরো) টাকার ডাকটিকিটসহ ৪"×১০" সাইজের ১টি ফেরৎ খাম আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

২/০৪/২০২৪

(মোঃ তৌফিকুল ইসলাম)
সহকারী প্রধান বন সংরক্ষক
সংস্থাপন ইউনিট
ও সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি